# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 18-10-2025 Time: 1.40 P.M**

বিহারের মত এরাজ্যেও সঠিকভাবে এসআইআর রূপায়িত হলে তৃণমূল কংগ্রেসের ক্ষমতাচ্যুত হওয়া, সময়ের অপেক্ষা বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। দক্ষিণ দমদমে দলীয় এক অনুষ্ঠানে অংশ নিয়ে শ্রী মজুমদার বলেন, নাগরিকত্ব প্রদানের ব্যাপারে বিজেপি আদর্শগত ভাবে অঙ্গীকারবদ্ধ। সিএএ কার্জকর করতে বিজেপির পক্ষ থেকে শিবির করে ফর্ম ফিলাপ করানো হবে বলে শ্রী মজুমদার জানান।

০০০০০০০০০০০০০০০০

প্রতিবেশী বিহারে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রেক্ষিতে নির্বাচন কমিশন এমাসের শেষে, বিহার, ঝাড়খন্ড, পশ্চিমবঙ্গ এবং উত্তরপ্রদেশ প্রশাসনের সঙ্গে বৈঠকে বসবে। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার আগামী ৩০ অক্টোবর এই চার রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক বা CEO-দের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠক করবেন। এছাড়াও থাকবেন সব রাজ্যের মুখ্য সচিব, স্বরাষ্ট্র সচিব, রাজ্য পুলিশের ডিজি, সেন্ট্রাল এক্সসাইজ বিভাগ সহ অন্য শুল্ক দপ্তরের আধিকারিকরা।

ভোটের সময় প্রতিবেশী রাজ্য থেকে কেউ যাতে টাকা, মদ এবং আগ্নেয়াস্ত্র নিয়ে বিহারে প্রবেশ করতে না পারে তা নিয়েই এই বৈঠক বলে কমিশন সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গের বন্যা ও প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়াতে রাজ্যের কৃষি বিপণন দপ্তর এগিয়ে এসেছে। এখনো পর্যন্ত উত্তরবঙ্গের চার জেলায় চলা বিভিন্ন ত্রাণ শিবিরে ১ লক্ষ কেজির বেশি আলু ও পেঁয়াজ সরবরাহ করা হয়েছে। নিয়ন্ত্রিত বাজার সমিতির মাধ্যমে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে দুর্গত এলাকায় পাঠানো হয়েছে বিপুল পরিমাণ খাদ্যসামগ্রী। বিভিন্ন ত্রাণ শিবিরে ইতিমধ্যেই ৬৫ হাজার কেজির বেশি আলু এবং ১৫ হাজার কেজির বেশি পেঁয়াজ পৌঁছে গিয়েছে। দার্জিলিং জেলার জন্য শিলিগুড়ি থেকে ২৪ হাজার কেজির বেশি আলু ও সবজি পাঠানো হয়েছে। কালিম্পং জেলার জন্য পাঠানো হয়েছে প্রায় ১৭ হাজার কেজির বেশি আলু ও অন্যান্য খাদ্যসামগ্রী।

আলিপুরদুয়ার নিয়ন্ত্রিত বাজার সমিতি নিজস্ব উদ্যোগে জেলার বিভিন্ন ত্রাণ শিবিরে ১১০০ প্যাকেট ত্রাণসামগ্রী সরবরাহ করেছে। পাশাপাশি সুফল বাংলার ১০০টি স্থায়ী বিপণির পাশাপাশি উত্তরবঙ্গের দুর্গত এলাকায় চালু করা হয়েছে অতিরিক্ত ৬৫টি ভ্রাম্যমান বিপণি।

কৃষি বিপণন দপ্তর সূত্রে জানা গিয়েছে, উত্তরবঙ্গের ক্ষতিগ্রস্ত মানুষদের হাতে পর্যাপ্ত খাদ্য পৌঁছে দিতে আরও কয়েক দফায় এই সহায়তা পাঠানো হবে।

oooooooooooooooooo

আজ ধনতেরস। সমৃদ্ধির প্রতীক এই ধনতেরস বা ধন-ত্রয়োদশী কেন্দ্র করে সোনার দোকানগুলি'ও সেজে উঠেছে। দেওয়া হচ্ছে বিভিন্ন অফার'ও। তবে সোনার দাম বেশি হওয়ায় অনেকেই স্বর্ণালংকারের পরিবর্তে বাসন বা ধাতব সামগ্রী কিনে ধনতেরাস উদযাপন করছেন। এই উপলক্ষে অনেক গৃহস্থর বাড়িতে ধন-সম্পদের অধিষ্ঠাত্রী দেবী লক্ষী ও দেবতা কুবেরের পুজোর আয়োজন করা হয়েছে।

oooooooooooooooooo

আশ্বিনের শেষ দিন রাঢ় বাংলার গ্রামের ধানের ক্ষেতে আজ ডাক সংক্রান্তি উৎযাপন করা হচ্ছে। এই সময় ধান গাছে ফুল আসাকে কেন্দ্র করে কৃষকরা এই

লোক উৎসব পালন করেন। ধানের ফলন বৃদ্ধির কামনায় আজ ধানক্ষেতে গর্ভবতী ধান গাছকে পুজো করে জমির ঈশান কোণে বিভিন্ন ভেষজ গাছ সহ শরগাছি পোঁতা হয়। অনেক জায়গায় পাঠকাঠির মশাল নিয়ে কৃষকরা ধানক্ষেত পরিক্রমা করেন। গ্রামের মহিলারা  সন্ধ্যায় ছড়া কেটে ধান্যলক্ষ্মীর বন্দনা করেন।

অনেক জায়গায় আজ গাড়ু সঙ্ক্রান্তি ও পালিত হচ্ছে। মূলত পূর্ব বঙ্গের এই উৎসবে আজ গাড়ুর ডাল রান্না করে আগামীকাল কার্তিকের প্রথম দিনে খাওয়া হয়।

এদিকে আগামীকাল পয়লা কার্তিক থেকে পূর্বপুরুষকে  স্মরণ করে একমাস ধরে আকাশপ্রদীপ জ্বালানো হবে।  সেই সঙ্গে চোদ্দ শাক খেয়ে ও চোদ্দ প্রদীপ জ্বালিয়ে পালিত হবে ভূত চতুর্দশী।

oooooooooooooooooo

কলকাতা পুলিশের গোয়েন্দা বিভাগ আজ সকালে ধর্মতলায় একটি গাড়ি থেকে বিপুল পরিমাণ শব্দবাজি উদ্ধার করেছে। আটক করা হয়েছে ৩ জনকে। কিভাবে এই বাজিগুলি সেখানে এলো তা খতিয়ে দেখছে পুলিশ।

ooooooooooooooooooo

দার্জিলিং-এর পাঙ্খাবাড়ি রোডে সকালে একটি যাত্রীবাহী চার চাকার গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে গেলে দু'জনের মৃত্যু হয়েছে। পাঁচ যাত্রীকে নিয়ে গাড়িটি নক্সালবাড়ি যাওয়ার পথে এই বিপত্তি ঘটলে রাজেশ পাসোয়ান এবং সুমিত সিংহ প্রাণ হারান। আহত করণ ঠাকুর, তারক বিশ্বাস এবং রাজ দাসকে । উদ্ধার করে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। সেখানেই তাঁদের চিকিৎসা চলছে।

ooooooooooooooooooo

মোহনবাগান সুপার জায়ান্ট ও ইস্টবেঙ্গল আজ ১২৫ তম আইএফএ শিল্ড ফুটবলের ফাইনালে মুখোমুখি হবে । যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা ছয়টায়। এই মরশুমে তৃতীয় বার ডার্বি ম্যাচে দুই চির প্রতিদ্বন্দ্বী একে অপরের বিরুদ্ধে মাঠে নামতে চলেছে। ডুরান্ড কাপ ও কলকাতা প্রিমিয়ার লিগে দুবারই ইস্টবেঙ্গল জয়ী হয়েছে। ইস্টবেঙ্গলের সামনে তৃতীয়বার ডার্বি জয়ের হাতছানি।

অন্যদিকে শিল্ড ফাইনালে নিজেদের প্রমাণ করার সুযোগ থাকছে সবুজ মেরুন দলের সামনে। এখনো পর্যন্ত ইস্টবেঙ্গল ২৯ এবং মোহনবাগান ২০ বার আইএফএ শিল্ড জয় করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

ইডেনে চারদিনের রঞ্জি ট্রফি ক্রিকেটের ম্যাচে চতুর্থ তথা শেষ দিনে উত্তরাখণ্ড ১০ উইকেটে ২৬৫ রান করেছে। জেতার জন্য দ্বিতীয় ইনিংশে উত্তরাখণ্ড ১৫৬ রানের লক্ষ্যমাত্রা রেখেছে বাংলার সামনে। শেষ খবর পাওয়া পর্জন্ত, কোন উইকেট না হারিয়ে বাংলা ৫০ রান করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০